গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর(এইচইডি)
প্রধান প্রকৌশলীর কার্যালয়
১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা।
www.hed.gov.bd

স্মারক নং-এইচইডি/প্রশাঃ/৩য় ও ৪র্থ/নিয়োগ-৮৩১/২০১৯/৮৪৫ তারিখ ঃ ১৭/০৪/২০১৯ খ্রিঃ

"নিয়োগ বিজ্ঞপ্তি"

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি) এর রাজস্ব খাতভূক্ত নিম্নোক্ত স্থায়ী শূন্য পদসমূহের বিপরীতে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা হলোঃ

ক্রমিক নং	পদের নাম ও বেতনস্কেল' ২০১৫	শূন্য পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই
১.	কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/- (১৩ নং গ্রেড)	৪(চার)টি	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি; এবং (খ) কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিল-২ অনুযায়ী কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে।	গাজীপুর, নরসিংদী, মাদারীপুর, গোপালগঞ্জ, ফরিদপুর, মানিকগঞ্জ, খাগড়াছড়ি, নোয়াখালী, চাঁদপুর, লক্ষীপুর, পাবনা, চাঁপাইনবাবগঞ্জ, পঞ্চগড়, দিনাজপুর, নীলফামারী, নড়াইল, বাগেরহাট, ঝিনাইদহ, ঝালকাঠি, পটুয়াখালী ও ভোলা জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। তবে মুক্তিযোদ্ধা, এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
২.	সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর (স্টেনোগ্রাফার) ১১০০০-২৬৫৯০/- (১৩ নং গ্রেড)	৩(তিন)টি	(ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী বা সমমানের ডিগ্রী; (খ) সাঁটলিপিতে প্রতি মিনিটে বাংলায় ৪৫ এবং ইংরেজীতে ৭০ শব্দের গতি এবং (গ) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদি সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ।	
৩.	উচ্চমান সহকারী ১০২০০-২৪৬৮০/- (১৪ নং গ্রেড)	৫(পাঁচ)টি	স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণীর স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	
৪.	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/- (১৬ নং গ্রেড)	২৩(তেইশ)টি	(ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। (খ) কম্পিউটার টাইপিং-এ প্রতি মিনিটে বাংলায় সর্বনিম্ন ২০ শব্দ এবং ইংরেজিতে সর্বনিম্ন ২৫ শব্দ।	
৫.	ডাটা এন্ট্রি অপারেটর ৯৩০০-২২৪৯০/- (১৬ নং গ্রেড)	১(এক)টি	(ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ এর তফসিল-৩ অনুযায়ী কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে।	
৬.	গাড়ী চালক ৯৩০০-২২৪৯০/- (১৬ নং গ্রেড)	১(এক)টি	৮ম শ্রেণী পাশসহ হালকা/ভারী যানবাহন চালনার বৈধ লাইসেন্সধারী, সংশ্লিষ্ট ক্ষেত্রে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেয়া হবে।	

শর্তাবলী ঃ-

(১) **আবেদনপত্রের ছক ও প্রবেশপত্রের নমুনা ফরম** স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ওয়েবসাইট(www.hed.gov.bd) হতে সংগ্রহপূর্বক তদানুযায়ী আবেদন আগামী ০৯/০৫/২০১৯ খ্রিঃ তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (এইচইডি), ১০৫-১০৬, মতিঝিল বা/এ, ঢাকা বরাবরে ডাকযোগে পৌছাতে হবে। নির্ধারিত সময়ের পর ডাকযোগে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। হাতে হাতে কোন আবেদন গ্রহণ করা হবে না।

চলমান পাতা-১/২

(২) প্রার্থী/প্রার্থীগণকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।

(৩) প্রার্থী/প্রার্থীদের বয়স ০৯/০৫/২০১৯ খ্রিঃ তারিখে ১৮ বছরের নিচে এবং ৩০ বছরের উপরে হবে না। তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা, শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য।

(৪) আবেদনপত্রের সংগে অবশ্যই প্রার্থীর সদ্যতোলা ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের ছবি ও সকল শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা(যদি থাকে) সনদপত্রের আলোকলিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দাখিল করতে হবে এবং সত্যায়নকারী কর্মকর্তার নাম ও পদবী উল্লেখ থাকতে হবে।

(৫) আবেদনপত্রের সংগে অবশ্যই ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের আলোক লিপি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে এবং ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে। সত্যায়নকারী কর্মকর্তার নাম ও পদবী উল্লেখ থাকতে হবে। ভোটার আইডি কার্ড/জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

(৬) প্রার্থী মুক্তিযোদ্ধা বা শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে সে ক্ষেত্রে তার পিতা/মাতার মুক্তিযোদ্ধা হিসেবে সনদপত্রের সত্যায়িত অনুলিপি (মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রদানকৃত) দাখিল করতে হবে। প্রার্থী মুক্তিযোদ্ধা বা শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের সন্তানদের ক্ষেত্রে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক এর স্বপক্ষে প্রত্যয়ন পত্র থাকতে হবে। এ ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নাম ও পদবী উল্লেখ থাকতে হবে।

(৭) চাকুরীরত/বিভাগীয় প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

(৮) উপজাতী/আনসার ও গ্রাম প্রতিরক্ষা/এতিমখানার নিবাসি ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য সনদপত্রের সত্যায়িত আলোক লিপি সংযুক্ত করতে হবে এবং সত্যায়নকারী কর্মকর্তার নাম ও পদবী উল্লেখ থাকতে হবে।

(৯) নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় সংরক্ষিত সকল কোটাসমূহ যথাযথভাবে অনুসরণ করা হবে।

(১০) আবেদনপত্রের সংগে ১০(দশ) টাকার ডাকটিকেটসহ ১০"X ৪" সাইজের ফেরত খামে যোগাযোগের ঠিকানা উল্লেখপূর্বক ও **নমুনা প্রবেশপত্র** পূরণপূর্বক সংযুক্ত করতে হবে।

(১১) অসম্পূর্ণ এবং নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

(১২) খামের উপর পদের নাম ও জেলার নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

(১৩) যোগ্য প্রার্থীগণ নির্বাচনী পরীক্ষায় অংশ গ্রহণের জন্য কোন প্রকার ভাতা প্রাপ্য হবেন না।

(১৪) কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

(১৫) শূন্য পদ পূরণের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(১৬) আবেদনকারীকে আবেদনের সময় ১০০(একশত) টাকা প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর(এইচইডি), ঢাকা-১০০০ এর অনুকূলে কোড নং- ১-২৭১৭-০০০০-২০৩১ তে ট্রেজারি চালানের মাধ্যমে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা করে চালানের মূল কপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার/পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়।

(১৭) এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৭।০৪।২০১৯

(এ কে এম আমিনুল ইসলাম)
পরিচালক (যুগ্ম-সচিব)
স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর।